



সুশাসন, ডিজিটাল পরিকাঠামো এবং অংশীদারিত্বের মতো মূল বিষয়গুলিকে কাজে লাগিয়ে এক টি কার্যকর রূপায়ণ-পরিকল্পনা বা রোডম্যাপ তৈরির বিষয়েও আলোচনা হবে।

সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, যুক্তরাষ্ট্রীয় কাঠামো রক্ষায়, কেন্দ্র ও রাজ্যগুলি ভারতের উন্নয়নের গতি ত্বরান্বিত করতে যৌথভাবে কাজ করছে।

এবারের বৈঠকের মূল ভাবনা, “বিকশিত ভারত @২০৪৭-এর লক্ষ্যে অন্তর্ভুক্তিমূলক মানব উন্নয়ন”।

এই বৈঠকে আজ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও যোগ দিয়েছেন।

oo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃষকদের কল্যাণ সরকারের অন্যতম প্রধান অগ্রাধিকার এবং তাদের জীবনযাত্রাকে যথাসম্ভব সহজ করে তুলতে সরকার সর্বতভাবে চেষ্টা করছে। সমাজমাধ্যমে, একাধিক বার্তায় তিনি বলেন, কৃষকরাই দেশের খাদ্যনিরাপত্তা, পুষ্টি ও সমৃদ্ধির ভিত্তি।

oo

সরকার, ইথানল-মিশ্রিত পেট্রোলের নির্দিষ্ট কিছু প্রকারের ওপর আবগারি শুল্ক তুলে নিয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২২ শতাংশ, ২৫ শতাংশ, ২৭ শতাংশ এবং ৩০ শতাংশ ইথানল-মিশ্রিত পেট্রোলকে কেন্দ্রীয় আবগারি শুল্কের আওতামুক্ত করা হয়েছে। মন্ত্রক জানিয়েছে, এখন এই চারটি গ্রেডের জ্বালানির ওপর আবগারি শুল্কের হার শূন্য হবে। এই পদক্ষেপের লক্ষ্য হলো দেশে ইথানল মিশ্রণ কর্মসূচিকে আরও শক্তিশালী করা।

oo

আইনি প্রক্রিয়া সহজ করা, শ্রমিকদের কল্যাণ নিশ্চিত করা এবং একটি আধুনিক ও স্বচ্ছ শ্রম-পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে ভারত ২৯ টি কেন্দ্রীয় শ্রম আইনকে চারটি শ্রমবিধিতে একত্রিত করে ব্যাপক শ্রম আইন সংস্কার করেছে। সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক শ্রম সংস্থা-ILO-র সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে গতকাল শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী শোভা করন্দলাজে এ কথা জানান।

তিনি আরও উল্লেখ করেন, ২০১৭ থেকে ২০২৫ সালের মধ্যে বেকারত্বের হার ৬ শতাংশ থেকে কমে ৩ দশমিক ১ শতাংশে নেমে এসেছে এবং কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণের হার ২২ শতাংশ থেকে বেড়ে ৩৮ দশমিক ৮ শতাংশ হয়েছে।

oo







ওমানের শিনাস বন্দরের কাছে আজ একটি জাহাজের বিষয়ে এধরণের খবর পাওয়ার কথা জানিয়েছে ওমানে অবস্থিত ভারতীয় দূতাবাস। সমাজমাধ্যমে এক বার্তায় দূতাবাস জানিয়েছে, তারা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। এছাড়া বিস্তারিত তথ্যের জন্য স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করা হচ্ছে বলেও দূতাবাস উল্লেখ করেছে।

oooooooooooooooooooooooooooooooooooo

ভারতের আবহাওয়া বিভাগ IMD আজ অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, কেরালা ও মাহে, ওড়িশা, হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং সিকিমের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। এছাড়া আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, বিহার, উপকূলীয় অন্ধ্র প্রদেশ ও কর্ণাটক, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, কোঙ্কন ও গোয়া, তামিলনাড়ু এবং উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলেও আজ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

পাকিস্তান সীমান্তের কাছে ভারতীয় বিমান বাহিনীর একটি বিমান ধ্বংস হয়েছে—এমন দাবি করা একটি ভিডিও সরকার ভুয়ো বলে জানিয়েছে। প্রেস ইনফরমেশন ব্যুরো-PIB-র ফ্যাক্ট-চেক ইউনিট জানিয়েছে, এই দাবিটি মিথ্যা এবং ভিডিওটি পাকিস্তানের অপপ্রচারমূলক কিছু অ্যাকাউন্ট থেকে ছড়ানো হচ্ছে। এছাড়া, জনসাধারণকে বিভ্রান্ত করার উদ্দেশ্যে, বিদ্বेषপূর্ণ অপপ্রচার সম্পর্কে সতর্ক থাকার জন্যও PIB নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

বহু প্রতীক্ষিত ফুটবল বিশ্বকাপ, মেক্সিকো সিটির ঐতিহাসিক এস্তাদিও আজতেকায় আজ রাতে শুরু হচ্ছে।

উদ্বোধনী ম্যাচে গ্রুপ এ-র লড়াইয়ে আয়োজক মেক্সিকো, দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে বারোটায়।

উল্লেখ্য, ২০১০ সালের বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচেও এই দুই দল একে অপরের মুখোমুখি হয়েছিল। এবারের বিশ্বকাপেই সবথেকে বেশি ৪৮ টি দেশ অংশগ্রহণ করছে। আয়োজক দেশ যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো জুড়ে মোট ১০৪ টি ম্যাচ অনুষ্ঠিত হবে।

ফাইনাল ১৯ শে জুলাই।

oooooooooooooooooooooooooooooooooooo  
oooooooooooooooooooooooooooooooooooo